৫১

ভোরের কাগজ

তারিখ ... 19 DEC 1997 ...
পৃষ্ঠা ৭৮ কলাম ২

জরিপের ফলাফল

# দেশে সাক্ষরতার হার বেড়ে ৫১ শতাংশে দাঁড়িয়েছে

বর্তমান সরকারের আমলে দেশে সাক্ষরতার হার ৪৭ শতাংশ থেকে বেড়ে ৫১ শতাংশে দাঁড়িয়েছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন মনিটরিং ইউনিটের দেশব্যাপী পরিচালিত এক জরিপের গতকাল বৃহস্পতিবার প্রকাশিত ফলাফলে এ তথ্য জানা গেছে। বাসস।

এতে বলা হয়েছে, চলতি বছর স্কুলে শিশুদের মোট তালিকাভুক্তির হার ছিল ৯৩.১৯ শতাংশ আর নিট ভর্তির হার ছিল ৮৬.৩৪ শতাংশ। এছাড়া মেয়েদের ভর্তির হার ছিল ৮৪ শতাংশ। ১৯৯৫ সালে মোট ভর্তির এ হার ছিল ৮৯.১৯ শতাংশ যা ৪ শতাংশ বেড়ে চলতি বছর ৯৩.১৯ শতাশে দাঁড়িয়েছে।

নিট ভর্তির সর্বোচ্চ হার (৯৯.৬৯ শতাংশ) নিবন্ধিত হয়েছে পিরোজপুর জেলার কাউখালিতে। অন্যদিকে মোট তালিকাভুক্তির সর্বোচ্চ ১৬৮.৯০ শতাংশ হার ছিল রাঙ্গামটি জেলার রাজস্থলী থানায়।